170

তারিখ 18 SEP 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

126

# শিক্ষকদের পক্ষে সন্ত্রাস মোকাবিলা সম্ভব নয়ঃ সিণ্ডিকেট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছেন, ক্যাম্পসে আগ্নেয়াস্ত্রসহ সংঘটিত সন্ত্রাসী কার্যকলাপের মোকাবিলা করা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

সিন্ডিকেট (প্রথম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বা প্রশাসনের পক্ষে সম্ভব নয়। এ ধরনের সন্ত্রাসী কার্যকলাপ দমন করা আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার দায়িত্ব।

গতকাল ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডি-কেটের এক সভায় একথা বলা হয়।

সভায় রোববার ক্যাম্পাসে সংঘটিত ঘটনা তদন্তের জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

সভায় ছাত্র-ছাত্রী ও শিক্ষক কর্মচারীদের নিরাপত্তা বিধানের জন্য এবং ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে রোববারের সন্ত্রাসী ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।